[illegible] ([illegible]), [illegible]

[illegible] ([illegible]), [illegible]

**Job Category:** Teaching/Academics

**Job Source:** The New Age

## Job Summary

**Posted On:** 23 Jan 2025

**Application Deadline:**20 Feb 2025

# ট্রেনিং ইনস্টিটিউট ফর কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ
## TRAINING INSTITUTE FOR CHEMICAL INDUSTRIES
(Central Training Institute of Bangladesh Chemical Industries Corporation)

# শিক্ষানবিশ নিয়োগ বিজ্ঞপ্তি

সূত্র নং-৩৬.০১.৬৮৬৩.৭৩৬.০৭.০০৫.২৫/১৪১০ তারিখ: ২২.০১.২০২৫ খ্রি.

দেশ-বিদেশে ভারী শিল্প প্রতিষ্ঠানের জন্য দক্ষ জনশক্তি গড়ে তোলার উদ্দেশ্যে ট্রেনিং ইনস্টিটিউট ফর কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ (টিআইসিআই) এ প্রশিক্ষণের জন্য ভারী শিল্প কারখানার কাজের উপযোগী শিক্ষানবিশ গ্রেড-২ নিয়োগের নিমিত্তে বাংলাদেশের স্থায়ী অবিবাহিত পুরুষ নাগরিকদের নিকট হতে অনলাইনে দরখাস্ত আহবান করা যাচ্ছে। আবেদনের যোগ্যতা, শর্তাবলী এবং নিয়মাবলী নিম্নে দেয়া হলোঃ

| ক্রম | পদের নাম | পদসংখ্যা (কম/বেশি) | মাসিক ভাতা | বয়স | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|---|
| ১ | শিক্ষানবিশ গ্রেড-২ (অপারেটর) | ২৪৯ | উপস্থিতির ভিত্তিতে জনপ্রতি মাসে সর্বসাকুল্যে ৮৩৫০০/- (তিন হাজার পাঁচশত) টাকা মাত্র | বয়স ২৬.০১.২০২৫ খ্রি. তারিখে সর্বোচ্চ ২৩ (তেইশ) বৎসর এবং সর্বনিম্ন ১৮ (আঠারো) বৎসর। | স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান থেকে এসএসসি (পদার্থবিদ্যা, রসায়ন, গণিত) এবং এইচএসসি (পদার্থবিদ্যা, রসায়ন ও গণিতসহ) উভয় পরীক্ষায় প্রত্যেকটিতে কমপক্ষে জিপিএ ৩.০ অথবা স্বীকৃত কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান থেকে এসএসসি (ভোকেশনাল) ও এইচএসসি (ভোকেশনাল) [(কম্পিউটার অপারেশন এন্ড মেইনটেনেন্স/ ইলেকট্রনিক কন্ট্রোল ও কমিউনিকেশন)] এ কমপক্ষে জিপিএ ৩.০। |
| ২ | শিক্ষানবিশ গ্রেড-২ টেকনিশিয়ান (ইলেকট্রিক্যাল টেকনোলজি) | ৯৯ | ঐ | ঐ | স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান/ স্বীকৃত কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান থেকে এসএসসি (ভোকেশনাল)/এসএসসি (বিজ্ঞান) এবং এইচএসসি (ভোকেশনাল) [(ইলেকট্রিক্যাল/ইলেকট্রনিক্স)] সনদপত্রসহ উভয় পরীক্ষার প্রত্যেকটিতে কমপক্ষে জিপিএ ৩.০। |
| ৩ | শিক্ষানবিশ গ্রেড-২ টেকনিশিয়ান (মেকানিক্যাল/ মেশিন টুলস টেকনোলজি) | ২০১ | ঐ | ঐ | স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান/ স্বীকৃত কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান থেকে এসএসসি (ভোকেশনাল)/ এসএসসি (বিজ্ঞান) এবং এইচএসসি (ভোকেশনাল) [(মেকানিক্যাল/মেশিন টুলস)] সনদপত্রসহ উভয় পরীক্ষার প্রত্যেকটিতে কমপক্ষে জিপিএ ৩.০। |
| ৪ | শিক্ষানবিশ গ্রেড-২ টেকনিশিয়ান (অটোমোবাইল/ রেফ্রিজারেশন এন্ড এয়ার কন্ডিশন টেকনোলজি) | ৪৬ | ঐ | ঐ | স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান/ স্বীকৃত কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান থেকে এসএসসি (ভোকেশনাল)/এসএসসি (বিজ্ঞান) এবং এইচএসসি (ভোকেশনাল) [(অটোমোবাইল/রেফ্রিজারেশন এন্ড এয়ার কন্ডিশন)] সনদপত্রসহ উভয় পরীক্ষার প্রত্যেকটিতে কমপক্ষে জিপিএ ৩.০। |
| ৫ | শিক্ষানবিশ গ্রেড-২ টেকনিশিয়ান (ওয়েল্ডিং এন্ড ফেব্রিকেশন টেকনোলজি) | ৬৭ | ঐ | ঐ | স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান/ স্বীকৃত কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান থেকে এসএসসি (ভোকেশনাল)/এসএসসি (বিজ্ঞান) এবং এইচএসসি (ভোকেশনাল) [(ওয়েল্ডিং এন্ড ফেব্রিকেশন)] সনদপত্রসহ উভয় পরীক্ষার প্রত্যেকটিতে কমপক্ষে জিপিএ ৩.০। |
| ৬ | শিক্ষানবিশ গ্রেড-২ (টেকনিশিয়ান) (ড্রাফটিং এন্ড সিভিল/উড ওয়ার্কিং টেকনোলজি) | ২৭ | ঐ | ঐ | স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান/ স্বীকৃত কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান থেকে এসএসসি (ভোকেশনাল)/এসএসসি (বিজ্ঞান) এবং এইচএসসি (ভোকেশনাল) [(ড্রাফটিং এন্ড সিভিল/উড ওয়ার্কিং বিল্ডিং কনস্ট্রাকশন এন্ড মেইনটেনেন্স)] সনদপত্রসহ উভয় পরীক্ষার প্রত্যেকটিতে কমপক্ষে জিপিএ ৩.০। |

<u>সাধারণ শর্তাবলীঃ</u>

১. টেলিটকের Web address: http:// tici.teletalk.com.bd এর মাধ্যমে আগামী ২৬ জানুয়ারি, ২০২৫খ্রি. তারিখ বেলা ১২.০০ ঘটিকা থেকে অনলাইনে নিয়মাবলী অনুসরণ করে আবেদন ফরম পূরণ করা যাবে। নিয়মাবলী অনুসরণ করে পরীক্ষার ফি বাবদ ৫০/- (পঞ্চাশ) টাকা এবং টেলিটক বাংলাদেশ লিমিটেডের কমিশন ও ভ্যাট ০৬ (ছয়) টাকা সহ সর্বমোট ৫৬/- (ছাপ্পান্ন) টাকা আবেদন করার ৭২ ঘন্টার মধ্যে SMS এর মাধ্যমে টেলিটকে ফি জমা দিতে হবে। আবেদনপত্র পূরণ সংক্রান্ত শর্তাবলি ও নিয়মাবলী বিসিআইসি'র ওয়েবসাইট www.bcic.gov.bd, টিআইসিআই এর ওয়েবসাইট www.tici.gov.bd এবং http:// tici.teletalk.com.bd এ পাওয়া যাবে। অনলাইনে আবেদনপত্র পূরণের শেষ তারিখ ২০ ফেব্রুয়ারি, ২০২৫ খ্রি. তারিখ রাত ১২:০০ ঘটিকা পর্যন্ত।

২. চাকরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

৩. আবেদনকারীকে লিখিত/মৌখিক পরীক্ষার জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

৪. নির্বাচিত প্রশিক্ষণার্থীকে ট্রেনিং ইনস্টিটিউট ফর কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ (টিআইসিআই), পলাশ, নরসিংদী এর নিয়ন্ত্রণে ন্যূনতম ১২ (বার) মাস প্রশিক্ষণ গ্রহণ করতে হবে। তন্মধ্যে প্রশিক্ষণার্থীকে ইন-প্ল্যান্ট প্রশিক্ষণ গ্রহণের জন্য দেশের বিভিন্ন স্থানে অবস্থিত ভারী শিল্প প্রতিষ্ঠানে প্রেরণ করা হবে।

৫. প্রশিক্ষণকালীন অসদাচরণ/অশোভন আচরণ, টিআইসিআই/বিসিআইসির নিয়ম-শৃঙ্খলা ভঙ্গের দায়ে এবং প্রশিক্ষণের অনগ্রসরতা পরিলক্ষিত হলে যে কোন সময় সংশ্লিষ্ট প্রশিক্ষণার্থীর/শিক্ষানবিশির অবসান ঘটানো হবে।

৬. প্রশিক্ষণ কোর্স শেষে অনুষ্ঠিত চূড়ান্ত মূল্যায়নে সফলতার সাথে উত্তীর্ণ প্রশিক্ষণার্থীকে সংশ্লিষ্ট প্রশিক্ষণ ক্ষেত্রের উপর সনদপত্র প্রদান করা হবে।

৭. প্রশিক্ষণ কোর্সে সফলভাবে সমাপনের পর প্রশিক্ষণার্থীগণ দেশে-বিদেশে বিভিন্ন ভারী শিল্প প্রতিষ্ঠানে চাকরির যোগ্যতা অর্জন করবেন এবং সংস্থাধীন কারখানাসমূহে নির্ধারিত পদে নিয়োগ প্রাপ্তির ন্যূনতম যোগ্যতা অর্জিত হয়েছে বলে বিবেচিত হবে।

৮. প্রশিক্ষণ কোর্সে উত্তীর্ণ হওয়া কোনভাবেই সংস্থাধীন কারখানাসমূহে চাকুরির নিশ্চয়তা প্রদান করে না।

৯. শিক্ষানবিশ নির্বাচন/নিয়োগের ক্ষেত্রে কোনরূপ সুপারিশ অথবা তদবির প্রার্থীর অযোগ্যতা হিসাবে বিবেচনা করা হবে।

১০ বিসিআইসি/সরকারী নিয়ম ও বিধি অনুযায়ী শিক্ষানবিশ নির্বাচন কার্যক্রম সম্পাদন করা হবে।

১১. লিখিত পরীক্ষার ভিত্তিতে মৌখিক পরীক্ষার জন্য নির্বাচিত প্রার্থীদের শুধুমাত্র মৌখিক/ফিটনেস পরীক্ষার সময় অনলাইন আবেদনে প্রদত্ত তথ্য অনুযায়ী সকল মূল সনদপত্র/প্রত্যায়ন পত্র সঙ্গে আনতে হবে। এছাড়া সরকার কর্তৃক নির্ধারিত চাকরির আবেদন ফরম এর অনুরূপ তথ্য ফরম পূরণ করে এর সাথে (ক) অনলাইনে পূরণকৃত আবেদন পত্রের Applicant›s Copy এর রঙ্গিন প্রিন্ট কপি (খ) প্রবেশপত্র (রঙ্গিন) (গ) আবেদনে উল্লিখিত সকল সনদ/কাগজাদি (ঘ) সদ্যতোলা ০৪ (চার) কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি (ঙ) নিজ জেলার পৌর মেয়র/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র অথবা জাতীয় পরিচয়পত্রের ফটোকপি (চ) চারিত্রিক সনদপত্র ও (ছ) অভিজ্ঞতার সনদ (যদি থাকে) জমা দিতে হবে। ছবিসহ সকল ডকুমেন্ট প্রথম শ্রেণির গেজেটেড/সংস্থার ব্যবস্থাপক বা তদুর্ধ্ব পদের অফিসার কর্তৃক সত্যায়িত হতে হবে।

১২. অনলাইনে আবেদনপত্র পূরণ করার সময় প্রযোজ্য ক্ষেত্রে পদার্থ, রসায়ন ও গণিত এর নির্দিষ্ট ঘরে প্রত্যেক বিষয়ে CGPA উল্লেখ করতে হবে।

১৩. নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান ও কোটা পদ্ধতি এবং পরবর্তীতে এ সংক্রান্ত বিধি-বিধানে কোন সংশোধন হলে তা অনুসরণযোগ্য হবে।

১৪. ভবিষ্যতে কোন তথ্য ভুল প্রমাণিত হলে প্রার্থীতা বাতিল বলে গণ্য হবে এবং বয়স সংক্রান্ত এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

১৫. নিয়োগ সংক্রান্ত যেকোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

১৬. কোন প্রতিবন্ধী এ পদের জন্য আবেদনের যোগ্য হবে না এবং উক্ত শিক্ষাগত যোগ্যতার বাইরে কেউ আবেদনের যোগ্য বিবেচিত হবে না।

১৭. কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে প্রয়োজনবোধে পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং এ শিক্ষানবিশ নির্বাচন প্রক্রিয়া সম্পূর্ণ/আংশিক বাতিলের অধিকার সংরক্ষণ করে।

22/1/2025

(দিল আফরোজা আক্তার)
উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন)
নির্বাহী পরিচালকের পক্ষে
টিআইসিআই, পলাশ, নরসিংদী।

বিসিআইসি - ২৮০, তাং-২২.১.২৫